দৈনিক
ইত্তেফাক

তারিখ: 31 MAR 2015
পৃষ্ঠা: ৭ কলাম: ৭

# গৌরীপুরের পিজেকে হাইস্কুলের ১২৫ বছর পূর্তি পালন

■ গৌরীপুর (ময়মনসিংহ) সংবাদদাতা

গৌরীপুর উপজেলার রামগোপালপুর পিজেকে উচ্চ বিদ্যালয়ের ১২৫ বছর পূর্তি, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান সোমবার বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, কেক কেটে ও পায়রা উড়িয়ে অনুষ্ঠান উদ্বোধন করেন প্রধান অতিথি সাবেক স্বাস্থ্য প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব ডা. ক্যাপ্টেন (অব.) মজিবুর রহমান ফকির এমপি। পরে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা রামগোপালপুর বাজার হয়ে বাসস্ট্যান্ড ঘুরে আবার বিদ্যালয়ে এসে শেষ হয়।

বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি সাবেক পৌর মেয়র শফিকুল ইসলাম হবির সভাপতিত্বে আলোচনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন সাবেক স্বাস্থ্য প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব ডা. ক্যাপ্টেন (অব.) মজিবুর রহমান ফকির এমপি।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউএনও দুর-রে শাহওয়াজ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সানাউল হক, দেশ মেডিক্যাল অ্যাসিস্টেন্ট ট্রেনিং ইনস্টিটিউটের চেয়ারম্যান শরীফ হাসান অনু, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বিধু ভূষণ দাস, শিক্ষাবিদ ম. নুরুল ইসলাম, প্রেসক্লাবের সভাপতি শফিকুল ইসলাম মিন্টু, মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার আ. রহিম, উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ডা. হেলাল উদ্দিন আহাম্মেদ, জহিরুল ইসলাম মাষ্টার, প্রধান শিক্ষক আ. ছালাম প্রমুখ।